

তোমার আসন পাতব কোথায় হে অতিথি ।
 ছেয়ে গেছে শুকনো পাতায় কাননবীথি ॥
 ছিল ফুটে মালতীফুল কুন্দকলি,
 উত্তরবায় লুঠ ক'রে তায় গেল চলি—
 হিমে বিবশ বনস্থলী বিরলগীতি
 হে অতিথি ॥
 সুর-ভোলা ওই ধরার বাঁশি লুটায় ভুঁয়ে,
 মর্মে তাহার তোমার হাসি দাও না ছুঁয়ে ।
 মাতবে আকাশ নবীন রঙের তানে তানে,
 পলাশ বকুল ব্যাকুল হবে আত্মদানে—
 জাগবে বনের মুগ্ধ মনে মধুর স্মৃতি
 হে অতিথি ॥

Parjaay: Prakriti / Basanta, Taal: Dadra, Raag: Mishra-Basant-Bahar
 Visit www.geetabitan.com for notation and other detail